

# গোফল

কলকাতা শনিবার ৩১ অক্টোবর,

২০২০

## প্রিয়ম বুধিয়া সম্মানিত

আজকালের প্রতিবেদন

এফবিএন নেক্সট জেন লোস্টার্ড অডিয়ার পিপলস চয়েস অ্যাওয়ার্ড ২০২০-তে ভূষিত হলেন কলকাতার বিশিষ্ট উদ্যোগপতি প্রিয়ম বুধিয়া। জল সংরক্ষণের প্রকল্পগুলির জন্যই তাঁর এই কৃতিত্ব। এই গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সম্মানটি দেওয়া হল ২৬টি দেশের উদ্যোগপতিদের মধ্য থেকে। দেশে প্যাটন একটি সরকার স্বীকৃত রপ্তানি সংস্থা। প্যাটনের রয়েছে আইএসও ৯০০১:২০১৫ স্বীকৃতি। উচ্চমানের ইস্পাত তৈরি ও ইস্পাত সামগ্রী রপ্তানিতে এর আন্তর্জাতিক স্বীকৃতি রয়েছে। প্লাস্টিকের ওয়াটার স্টোরেজ ট্যাঙ্ক, ক্রেট, বিন ছাড়াও পিভিসি পাইপ তৈরিতে প্যাটন অগ্রণী। পশ্চিমবঙ্গে এই সংস্থার ৬টি উৎপাদন কেন্দ্র রয়েছে। উৎপাদন এবং রপ্তানির ক্ষেত্রে দক্ষতার জন্য জাতীয় পুরস্কারপ্রাপ্তির ধারাবাহিকতা রয়েছে প্যাটনের। নটিংহ্যাম বিশ্ববিদ্যালয়ে ম্যানেজমেন্ট স্টাডিজে স্নাতক হয়ে লঙ্ঘন স্কুল অফ ইকনোমিক্স অ্যান্ড পলিটিক্যাল সায়েন্স থেকে পরিচালনা ও উদ্যোগ বিষয়ে পড়াশোনা শেষ করেন প্রিয়ম। দেশে ফিরে

যোগ দেন পারিবারিক শিল্পসংস্থায়। বৃষ্টির জল ধরে রাখা, গ্রামীণ ভারতে জল সংরক্ষণের পদ্ধতি উন্নয়ন ছাড়াও বর্জ্য পরিশোধনের ক্ষেত্রে প্যাটন যে কাজ করে চলেছে, প্রিয়ম বুধিয়া তার অন্যতম রূপকার। সম্মান পেয়ে তিনি যে অভিভূত, তা জানিয়েছেন প্রিয়ম। বলেছেন, গ্রামীণ ভারতের প্রতিটি মহিলা ও শিশুর ক্ষমতা ছাড়াও নগর ভারতের প্রতিটি জলকণার গুরুত্ব বোঝানোর কাজে তাঁর অভিজ্ঞতা অসাধারণ ও অনবদ্য। প্রশ্ন তুলেছেন, ‘জল সংরক্ষণ: এখনই না হলে আর কবে?’



প্রিয়ম বুধিয়া